

PRINT

সমকাল

বিশ্ব শিক্ষক দিবস পালিত

১১ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক



নানা আয়োজনে রাজধানীসহ সারাদেশে গতকাল শনিবার বিশ্ব শিক্ষক দিবস-২০১৯ পালিত হয়েছে। বিভিন্ন শিক্ষক সংগঠন ও বেসরকারি সংস্থা দিবসটি উপলক্ষে শোভাযাত্রা, আলোচনা সভা ও মানববন্ধনের আয়োজন করে। এবার দিবসটির প্রতিপাদ্য 'তরুণ শিক্ষকরাই পেশার ভবিষ্যৎ'।

বিশ্ব শিক্ষক দিবসটি ইউনেস্কো কর্তৃক স্বীকৃত। বাংলাদেশ ইউনেস্কোর সদস্যভুক্ত দেশ। সরকারিভাবে দিবসটি নিয়ে কোনো কার্যক্রম না থাকায় ক্ষোভ প্রকাশ করেছেন শিক্ষকরা। এই দিনে শিক্ষকদের মর্যাদা বৃদ্ধিতে নানা দাবি-দাওয়াও তুলে ধরা হয়।

স্বাধীনতা শিক্ষক পরিষদ : বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে গতকাল রাজধানীর ব্যানবেইস মিলনায়তনে 'বঙ্গবন্ধুর স্বপ্নের শিক্ষা ব্যবস্থা ও আমাদের করণীয়' শীর্ষক আলোচনার আয়োজন করে সংগঠনটি।

প্রধান অতিথির বক্তৃতায় আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ বলেন, 'শিক্ষকরা শুধু মানুষ গড়ার কারিগর নয়, জাতি নির্মাণের অভিভাবক। তারা মেধা-জ্ঞানসম্পন্ন ও নীতি-আদর্শের প্রতীক হলে জাতির ভবিষ্যৎ ভালো হতে বাধ্য।'

সংগঠনের সভাপতি অধ্যাপক ড. আবদুল মান্নান চৌধুরীর সভাপতিত্বে আরও বক্তব্য দেন ব্যানবেইসের মহাপরিচালক মো. ফসিউল্লাহ, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল মো. মনজুর হোসেন, সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজু প্রমুখ।

বাংলাদেশ শিক্ষক সমিতি (নজরুল) : অবিলম্বে শিক্ষা ব্যবস্থা জাতীয়করণসহ শিক্ষকদের ঐচ্ছিক বদলি এবং উচ্চতর গ্রেড/টাইম স্কেল দ্রুত বাস্তবায়নের দাবি জানিয়েছেন সংগঠনটির নেতারা। গতকাল জাতীয় প্রেস ক্লাবে 'বিশ্ব শিক্ষক দিবস ও শিক্ষকদের প্রত্যাশা' শীর্ষক আলোচনা সভায় এ দাবি জানানো হয়।

সংগঠনের সভাপতি মো. নজরুল ইসলাম রনির সভাপতিত্বে আরও বক্তব্য দেন অধ্যাপক সুলতানা শফি, সাঈদুল হোসেন সাহেদ, ড. মহসিনা আক্তার খানম, অধ্যাপক মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া, মো. মেজবাহুল ইসলাম প্রিন্স প্রমুখ।

বাংলাদেশ শিক্ষক ইউনিয়ন : বেসরকারি স্কুল-কলেজ জাতীয়করণে অর্থের কোনো সমস্যা না থাকলেও প্রক্রিয়াগত এবং প্রশাসনিক জটিলতার কারণেই বিষয়টি আটকে আছে বলে মনে করেন শিক্ষকরা। গতকাল রাজধানীর পাবলিক লাইব্রেরির শওকত ওসমান মিলনায়তনে শিক্ষক দিবসের আলোচনা সভায় বক্তারা এসব কথা বলেন।

সংগঠনের নির্বাহী সভাপতি মো. আবদুস ছালাম খানের সভাপতিত্বে আরও বক্তব্য দেন অধ্যাপক এম অহিদুজ্জামান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক সৈয়দ মো. গোলাম ফারুক, আবুল বাশার হাওলাদার, জসিম উদ্দিন সিকদার প্রমুখ।

বাংলাদেশ শিক্ষক সমিতি (বিটিএ) : দিবসটি উপলক্ষে গতকাল জাতীয় প্রেস ক্লাবের সামনে শোভাযাত্রা ও মানববন্ধনের আয়োজন করে সংগঠনটি। সংগঠনের সভাপতি অধ্যক্ষ বজলুর রশিদ মিয়া, সাধারণ সম্পাদক কাওছার আলী শেখসহ অন্যান্য শিক্ষক নেতা বক্তব্য দেন।

বঙ্গবন্ধু প্রাথমিক শিক্ষা গবেষণা পরিষদ : বিশ্ব শিক্ষক দিবসের আলোচনা সভায় প্রাথমিক শিক্ষকদের প্রথম শ্রেণির মর্যাদাদানের দাবি জানিয়েছেন সংগঠনটির নেতারা। গতকাল রাজধানীর খিলগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এক আলোচনা সভায় এ দাবি জানানো হয়।

সংগঠনের সভাপতি মো. সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে আরও বক্তব্য দেন মো. শফিকুল ইসলাম মানিক, এম এ ছিদ্দিক মিয়া, মো. গোলাম মোস্তফা প্রমুখ।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com